# নির্বাচন কমিশন বার্তা

www.ecs.gov.bd

৯ম বর্ষ | ৩৫ তম সংখ্যা | জুলাই- সেপ্টেম্বর ২০১৮


## নবম FEMBoSA সম্মেলন ২০১৮

দক্ষিণ এশিয়ার নির্বাচন কমিশনের সংগঠন “ Forum of Election Management Bodies of South Asia-FEMBoSA” এর ৯ম সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হয়। ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ঢাকার হোটেল র‍্যাডিসন ব্লু ওয়াটার গার্ডেনে ০২ দিনব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করেন বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এ সম্মেলনে বাংলাদেশ নির্বাচন কমিশনের মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা পরবর্তী ১ বছরের জন্য ফেমবোসা'র চেয়ারম্যান নির্বাচিত হন। সম্মেলনে ভারত, ভুটান, আফগানিস্তান, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা এবং মালদ্বীপের




FEMBoSA সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান

প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। “ Transparency in Electoral Process and Engaging the Stakeholder” প্রতিপাদ্য নিয়ে এ সম্মেলনে সদস্য দেশগুলোর নির্বাচন কমিশন কিভাবে আরও স্বচ্ছতার সাথে নির্বাচন অনুষ্ঠান করতে পারে সে বিষয়ে আলোকপাত করা হয়। এবারের সম্মেলনে সদস্য দেশগুলোর সর্বসম্মতিক্রমে ঢাকা প্রস্তাব পাস হয়। এই রেজুলেশনে নয়টি বিষয়ে ফোরামের পক্ষ থেকে সিদ্ধান্ত নেয়া হয়। নির্বাচনের স্টেকহোল্ডারদের মধ্যে আস্থা ও বিশ্বাস তৈরি করা, নির্বাচনে প্রার্থীদের নির্বাচনী ব্যয় তদারক ও নিয়ন্ত্রণ করা, ভোটার ও প্রার্থীদের মধ্যে নির্বাচনী সংস্থার প্রতি আস্থা তৈরি এবং সাইবার হুমকি থেকে নিরাপত্তা জোরদার করার উপর বেশি গুরুত্ব দেয়া হয়।

২ দিনব্যাপী এ সম্মেলনে ৮টি টেকনিক্যাল ও ৩টি সাধারণ সেশন অনুষ্ঠিত হয়। টেকনিক্যাল সেশনগুলোতে নির্বাচনি নিয়ম-নীতির সংস্কারে স্টেকহোল্ডারদের নিযুক্তকরণ, নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন, ভোটারদের সচেতনতা বৃদ্ধিতে রাজনৈতিক দল, সুশীল সমাজ ও গণমাধ্যমের ভূমিকা, নির্বাচনী প্রক্রিয়ায় প্রযুক্তির প্রয়োগ, নির্বাচনী প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিকীকরণ এবং নির্বাচনী প্রশাসনের সম্পূর্ণতা, ভোটার শিক্ষণে উন্নয়নশীল অংশীজনদের ভূমিকা, প্রার্থীদের নির্বাচনী ব্যয় গ্রহণযোগ্য নির্বাচনের উপর প্রভাব এবং নির্বাচনী প্রক্রিয়ার উন্নয়নে নির্বাচন পর্যবেক্ষকদের ভূমিকার উপর আলোকপাত করা হয়।

০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখ উদ্বোধনী দিনে ৩টি সাধারণ সেশন অনুষ্ঠিত হয়। এর শুরুতেই FEMBoSA এর বর্তমান চেয়ারম্যান ও Independent Election Commission of Afghanistan এর মাননীয় চেয়ারম্যান ড. গোলাজান এ বাদি সূচনা বক্তব্য দেন। এরপর আনুষ্ঠানিকভাবে এজেন্ডা গ্রহণ করে তিনি বাংলাদেশের মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদার কাছে FEMBoSA এর চেয়ারম্যানশিপ হস্তান্তর করেন। উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী FEMBoSA এর অফিসিয়াল ওয়েবসাইট www.fembosa.org এর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, সংবিধান অনুযায়ী সকল ক্ষমতার মালিক জনগণ। সেই কারণে জনগণের আস্থা অর্জনের জন্য নির্বাচনী প্রক্রিয়ায় কারিগরি উদ্ভাবনী, ওয়েবসাইট ডিজাইন, নির্বাচনী



FEMBoSA সম্মেলনের টেকনিক্যাল সেশন

### এ সংখ্যায় যা আছে


- নবম FEMBoSA সম্মেলন ২০১৮
- রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন ২০১৮
- National Kaizen Convention এ রোল মডেল হয়ে পুরস্কৃত হলেন ইসির কর্মকর্তা
- বিদেশ ভ্রমণ
- মাসিক সমন্বয় সভা
- নির্বাচন কমিশন সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত
- দ্বিতীয় পর্যায়ে স্মার্ট কার্ড উদ্বোধন
- নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS) শীর্ষক প্রকল্প
- বিভিন্ন নির্বাচন অনুষ্ঠিত
- Workshop on External Communication
- প্রশিক্ষণ
- শোক সংবাদ


বাংলাদেশ নির্বাচন কমিশন

প্রশিক্ষণ খুবই গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে বাংলাদেশের প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা বলেন, সংবিধান অনুযায়ী অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করতে নির্বাচন কমিশন প্রতিজ্ঞাবদ্ধ। এই সম্মেলনের অভিজ্ঞতা আমাদের অংশগ্রহণমূলক নির্বাচন করতে সহায়তা করবে।

সম্মেলন শেষে সংবাদ সম্মেলনে আসেন সংস্থাটির বিদায়ী চেয়ারম্যান আফগানিস্তানের স্বাধীন নির্বাচন কমিশনের চেয়ারম্যান ড. গোলাজান এ বাদি ও নতুন চেয়ারম্যান বাংলাদেশের মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা। এ সময় তাঁরা জানান, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা প্রতিষ্ঠা অন্যতম প্রধান শর্ত। নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিতকরণের মাধ্যমে জনগণের আস্থা অর্জন করাই FEMBoSA এর মূল লক্ষ্য। FEMBoSA-র এ ধরণের সম্মেলন দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে অভিজ্ঞতা বিনিময় এবং পারস্পরিক জ্ঞানলাভে সক্রিয় ভূমিকা রাখবে। এর মাধ্যমে গণতন্ত্র আরও শক্তিশালী হবে। নির্বাচন প্রক্রিয়ায় বিশ্বাসযোগ্যতা ও আস্থা আনয়নে FEMBoSA গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে এ সময় মন্তব্য করা হয়।

০২ দিনব্যাপী এ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ নির্বাচন কমিশনের মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম, মাননীয় নির্বাচন কমিশনার জনাব কবিতা খানম এবং মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে. জেনা. শাহাদাত হোসেন চৌধুরী (অব.)। বিদেশীদের মধ্যে প্রতিনিধিত্ব করেন ভারতের মাননীয় নির্বাচন কমিশনার জনাব অশোক লাভাসা, ভুটানের নির্বাচন কমিশন সচিব জনাব দাউয়া তেনজিন, মালদ্বীপের অ্যাম্বাসেডর জনাব এশাথ শান শাকির, নেপালের মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ডা. আইয়েদি প্রাসাদ জাদেভ, পাকিস্তানের ভারপ্রাপ্ত হাইকমিশনার জনাব শাহ ফয়সাল কাকার, শ্রীলংকার নির্বাচন কমিশন চেয়ারম্যান জনাব মাহিন্দ্রা দেশাপ্রিয়া এবং স্ব-স্ব দেশের প্রতিনিধিবৃন্দ। ০৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সম্মেলনে আগত অতিথিদের Refreshment এর জন্য কক্সবাজার নিয়ে যাওয়া হয় এবং ০৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে তাঁরা নিজ নিজ দেশে ফিরে যান।

### FEMBoSA- র সফল সমাপ্তিতে ধন্যবাদ জ্ঞাপন

FEMBoSA সম্মেলন ২০১৮ এর সফল সমাপ্তিতে নির্বাচন ভবনে এক ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করে নির্বাচন কমিশন সচিবালয়। ৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বিকেলে নির্বাচন ভবনের গ্রাউন্ড ফ্লোরের লনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্মেলন সফল করতে ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানে মাননীয় কমিশন সম্মেলনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ঐকান্তিক প্রচেষ্টা, কর্মদক্ষতা ও দায়িত্বশীল আচরণে সন্তুষ্টি প্রকাশ করেন। তাঁরা বলেন, কমিশনের কর্মকর্তাদের অক্লান্ত পরিশ্রম আর আন্তরিকতার কারণেই সফলভাবে এ সম্মেলন অনুষ্ঠান করা সম্ভব হয়েছে। এ সময় এ আয়োজনের ছোটখাটো কিছু ভুলত্রুটি থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে আরও ভাল সম্মেলন আয়োজন করার উপর গুরুত্ব আরোপ করা হয়। এদিকে সফলভাবে FEMBoSA সম্মেলন শেষ করায় ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্বাচন কমিশন সচিবালয়ের পক্ষ থেকে পত্র দিয়ে ধন্যবাদ জ্ঞাপন করেন ইসি সচিব জনাব হেলালুদ্দীন আহমদ।

## রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন ২০১৮

শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে ৩০ জুলাই ২০১৮ তারিখে রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৮টায় ভোটগ্রহণ শুরু হয়ে একটানা বিকেল ৪টা পর্যন্ত চলে। এবারের নির্বাচনে প্রায় প্রত্যেক ভোটকেন্দ্রেই ছিল ভোটারদের দীর্ঘ লাইন। রাজশাহী ও বরিশালে সিটিতে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী এবং সিলেট সিটি কপোরেশন নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি মনোনীত প্রার্থী মেয়র নির্বাচিত হন।



সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটারদের দীর্ঘ লাইন

### রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচন

সম্পূর্ণ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে ৩০ জুলাই ২০১৮ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে মেয়র নির্বাচিত হন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব এ এইচ এম খায়রুজ্জামান লিটন। নৌকা প্রতীক নিয়ে তিনি ১ লাখ ৬৬ হাজার ৩৯৪ ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত প্রার্থী জনাব মোসাদ্দেক হোসনে বুলবুল ধানের শীষ প্রতীক নিয়ে ৭৮ হাজার ৪৯২ ভোট পান। এ নির্বাচনে ২টি ভোটকেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার করে ভোটগ্রহণ করা হয়। এবারের নির্বাচনে মেয়র পদে মোট ৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন।

### বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন

৩০ জুলাই ২০১৮ তারিখে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে মেয়র নির্বাচিত হন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ। তিনি নৌকা প্রতীক নিয়ে মোট ১ লাখ ৯ হাজার ৮০১ ভোট পান। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনীত প্রার্থী জনাব মজিবর রহমান সারোয়ার পান ১৩ হাজার ৪১ ভোট। বরিশাল সিটি কর্পোরেশনে সাধারণ ওয়ার্ড ৩০টি, সংরক্ষিত ওয়ার্ড ১০টি, মোট ভোটকেন্দ্র ১২৩টি। মোট ভোটার ২ লক্ষ ৪২ হাজার ১৬৬ জন। নির্বাচনে অনিয়মের অভিযোগে নির্বাচন কমিশন ১৬টি কেন্দ্রের ভোটগ্রহণ স্থগিত করে। এ নির্বাচনে ১১টি ভোটকেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এ ভোটগ্রহণ করা হয়। বরিশালে মেয়র পদে মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন।

### সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন

শান্তিপূর্ণ পরিবেশে ৩০ জুলাই ২০১৮ তারিখে সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী জনাব আরিফুল হক চৌধুরী মেয়র পদে নির্বাচিত হন। ৩০ জুলাই ২০১৮ তারিখে প্রথম ধাপে জনাব আরিফুল হক চৌধুরী মোট ৯০ হাজার ৪৯৬ ভোট পান আর আওয়ামী লীগ প্রার্থী জনাব বদর উদ্দীন আহমেদ কামরান পান ৮৫ হাজার ৭৮০ ভোট। প্রথম ধাপে বিএনপি প্রার্থী জনাব আরিফুল হক চৌধুরী ৪ হাজার ৬২৬ ভোটে এগিয়ে থাকেন। ১৩৪ টি ভোটকেন্দ্রের মধ্যে ৩০ জুলাই ২০১৮ তারিখে ভোটগ্রহণের দিন অনিয়মের অভিযোগে ২টি ভোটকেন্দ্রের ভোটগ্রহণ স্থগিত করা হয়। স্থগিত হওয়া ২টি ভোটকেন্দ্রের মোট ভোটার ছিল ৪ হাজার ৭৮৭ জন। ১১ আগষ্ট ২০১৮ তারিখে বন্ধঘোষিত ২টি ভোটকেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এ ২টি ভোটকেন্দ্রের ভোটগ্রহণ শেষে ৩০ জুলাইয়ের ভোটের ফলাফলের সাথে এ ফলাফল যোগ করে ভোটের চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়। এতে বিএনপি মনোনীত মেয়র প্রার্থী মোঃ আরিফুল হক চৌধুরী পান ৯২ হাজার ৫৯৩ ভোট এবং আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব বদর উদ্দীন আহমেদ কামরান পান ৮৬ হাজার ৩৯৭ ভোট। এ নির্বাচনে মোট ৭ জন প্রার্থী মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করেন।

## National Kaizen Convention-এ রোল মডেল হয়ে পুরস্কৃত হলেন ইসির কর্মকর্তা



জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ইসমত আরা সাদেক, এমপির কাছ থেকে কাইজেন পুরস্কার গ্রহণ করছেন জনাব শাহাদাত হোসেন

সরকারী অফিসে সেবা গ্রহণ করতে আসা সাধারণ মানুষের ভোগান্তি কমিয়ে জনকল্যাণমুখী ও সৃষ্টিশীল উদ্যোগ গ্রহণ করায় National Kaizen Convention- এ রোল মডেল হয়েছেন নির্বাচন কমিশনের বান্দরবান সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা জনাব এস এম শাহাদাত হোসেন। এজন্য ২১ জুন ২০১৮ তারিখে বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের IPS-TOM প্রকল্প হতে কাইজেন এওয়ার্ডের জন্য তাকে মনোনিত করা হয়। জনাব শাহাদাত হোসেন তার কার্যালয়ে হেল্প ডেস্ক স্থাপন করে এবং তথ্য ও সেবা কেন্দ্র খুলে জনসাধারণকে সেবা প্রদান করছেন। তার কর্মের স্বীকৃতি হিসেবে ২৭ জুন ২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ইসমত আরা সাদেক, এমপি তার হাতে কাইজেন পুরস্কার-২০১৮ তুলে দেন। এই কর্মকর্তার এ অর্জন উপলক্ষে ৩১ জুলাই ২০১৮ তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশনের পক্ষ থেকে তাকে অভিনন্দন জানানো হয়

## বিদেশ ভ্রমণ

মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা গত ২৭-২৮ আগষ্ট ২০১৮ তারিখে শ্রীলংকায় অনুষ্ঠিত "4th Asian Electoral Stakeholder Forum (AESF IV)" শীর্ষক সম্মেলনে যোগদান করেন। জনাব জি এম সাহাতাব উদ্দিন, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর এ সম্মেলনে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সফরসঙ্গী হিসেবে উক্ত সম্মেলনে অংশগ্রহণ করেন।



শ্রীলংকায় অনুষ্ঠিত "4th Asian Electoral Stakeholder Forum (AESF IV)" শীর্ষক সম্মেলনে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা ও অতিথীবৃন্দ

## মাসিক সমন্বয় সভা

জুলাই- সেপ্টেম্বর ২০১৮ সময়ে মোট ৩টি মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এতে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং শাখাসমূহের নিস্পন্ন ও অনিস্পন্ন কাজের বিবরণ তুলে ধরা হয়। নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব হেলালুদ্দীন আহমদ।

সভায় নির্বাচন কমিশনের ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ, জেলা ও উপজেলা নির্বাচন অফিসের জন্য ভবন নির্মাণ, নতুন নিবন্ধিত ভোটারদের লেমিনেটিং জাতীয় পরিচয়পত্র প্রদান, আঞ্চলিক নির্বাচন অফিস হতে হারানো জাতীয় পরিচয়পত্র মুদ্রণ ও বিতরণ, ই-ফাইলিং ব্যবস্থাপনা, উপজেলা/থানা নির্বাচন অফিসের জন্য কক্ষ বরাদ্দ, আইবাস++ বাজেট বরাদ্দ এন্ট্রি, আঞ্চলিক কার্যালয়ের কনফারেন্স রুমে পিএ সাউন্ড সিস্টেম স্থাপন, আঞ্চলিক, জেলা, উপজেলা/থানা সার্ভার ষ্টেশন সংস্কার, মাঠপর্যায়ের কার্যালয়ে হেল্পডেস্ক স্থাপন, উপজেলা/থানা এবং নির্বাচনি এলাকাভিত্তিক ভোটার তালিকার সিডি যাচাই, জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন নিস্পত্তি, নির্বাচন কমিশন সচিবালয়ের বিভিন্ন ফ্লোর, অডিটরিয়াম, বেজমেন্টে মোবাইল নেটওয়ার্ক শক্তিশালীকরণ, জেলা নির্বাচন অফিসে সার্ভার স্থাপন, নিয়মিত অফিস পরিদর্শন ও প্রতিবেদন প্রেরণ, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটে সেমিনার আয়োজন, নির্বাচনি বরাদ্দ, বিভিন্ন নির্বাচনে ভোটকক্ষে ব্যবহারের জন্য অতিরিক্ত ষ্ট্যাম্প প্যাড সরবরাহ, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার প্যানেল প্রস্তুত, দ্বৈত ভোটার নিবন্ধন, নির্বাচন কমিশন সচিবালয়ে মাঠ পর্যায়ের সংযুক্ত কর্মকর্তা-কর্মচারী অবমুক্তকরণ, নির্বাচন কমিশনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতসহ বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## নির্বাচন কমিশন সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত

জুলাই- সেপ্টেম্বর ২০১৮ সময়ে নির্বাচন কমিশনের ০৪ টি সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ, সচিব মহোদয় এবং নির্বাচন কমিশন সচিবালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

কমিশন সভা নং-৩২/২০১৮

- আগামী ২০১৯ সাল হতে প্রতি বৎসর ১ মার্চ তারিখে কেন্দ্রীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ে "জাতীয় ভোটার দিবস" উদযাপন করতে হবে।
- জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪-এর আওতায় বর্তমান ডাটাবেইজে যেসব হিজরা পুরুষ বা মহিলা হিসেবে অন্তর্ভুক্ত আছে তাদেরকে নির্ধারিত পদ্ধতিতে আবেদনের পরিপ্রেক্ষিতে হিজড়া লিঙ্গ হিসেবে চিহ্নিত করে আলাদা নিবন্ধিত করতে হবে।

কমিশন সভা নং-৩৩/২০১৮

- "নির্বাচন কমিশন সচিবালয় (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০০৮ ও এর অধিকতর সংশোধনীর (২০১৬) অসামঞ্জস্যতা চিহ্নিতকরণ এবং খসড়া নিয়োগ বিধিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন"
- পরিশিষ্ট খ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০০৮ ও এর অধিকতর সংশোধনী, ২০১৬ এর সংশোধনী অনুমোদন করা হলো।
- পদোন্নতির ক্ষেত্রে অন্তর্ভুক্ত ফিডার পদসমূহের কোনটি যাতে বাদ না পড়ে তা অধিকতর যাচাই বাছাই করতে হবে।

কমিশন সভা নং-৩৫/২০১৮

- "গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর সংশোধন" পরিশিষ্ট খ অনুযায়ী গণপ্রতিনিধিত্ব আদেশ এর সংশোধনীর প্রস্তাব অনুমোদন করা হলো। সংশোধিত প্রস্তাবটি ভেটিং এর জন্য বিল আকারে আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

## দ্বিতীয় পর্যায়ে স্মার্ট কার্ড উদ্বোধন

মাননীয় নির্বাচন কমিশন ০৮টি জেলায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দ্বিতীয় পর্যায়ে স্মার্ট জাতীয় পরিচয়পত্রের বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। ০৮ আগষ্ট ২০১৮ তারিখে নির্বাচন কমিশন হতে মাননীয় কমিশন এ বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। জেলাগুলো হলো- ভোলা, ময়মনসিংহ, চাঁদপুর, নঁওগা, যশোর, মুন্সিগঞ্জ, মৌলভী-বাজার এবং মাদারীপুর। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা ভোলা জেলার, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার ময়মনসিংহ জেলার, মাননীয় নির্বাচন কমিশনার মোঃ রফিকুল ইসলাম চাঁদপুর জেলার, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম নঁওগা জেলার এবং মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে. জেনা. শাহাদাত হোসেন চৌধুরী (অব). যশোর জেলার এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মানিত সচিব জনাব হেলালুদ্দীন আহমদ মুন্সিগঞ্জ জেলার স্মার্ট কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। আট জেলার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ভিডিও কনফারেন্সিং সিস্টেম ব্যবহার করে ইসি সচিবালয়ের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে এ উদ্বোধন অনুষ্ঠানটি সম্পন্ন করা হয়। ৯ আগষ্ট ২০১৮ তারিখে ৮টি জেলাসহ মোট ২৭টি জেলায় স্মার্ট কার্ড বিতরণের নির্দেশনা দেয় ইসি সচিবালয়।



০৮টি জেলায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দ্বিতীয় পর্যায়ে স্মার্ট জাতীয় পরিচয়পত্রের বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় নির্বাচন কমিশন

## একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জেলা পর্যায়ে মতবিনিময় শুরু




আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচনি কর্মকর্তা, জেলা প্রশাসন ও জেলা আইনশৃঙ্খলা বাহিনীর সাথে মতবিনিময় শুরু করেছেন মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা। এলক্ষ্যে গত ২৪-২৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখ তিনি দিনাজপুর ও বগুড়া জেলা সফর করেন। সফরকালে মতবিনিময় সভায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনার বলেন, এবারের নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু হবে। তিনি আসন্ন নির্বাচনে সকল রাজনৈতিক দল অংশগ্রহণ করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।
মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ২৫ সেপ্টেম্বর ২০১৮ সকালে দিনাজপুরে রংপুর আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন কর্মকর্তা দিনাজপুর এবং দিনাজপুর জেলার সকল উপজেলা নির্বাচন কর্মকর্তাদের সাথে একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে মতবিনিময় করেন এবং বিকেলে দিনাজপুরের জেলা প্রশাসন ও জেলা আইনশৃঙ্খলা বাহিনীর সাথে মতবিনিময় করেন। একইভাবে ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে তিনি বগুড়ায় মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

## নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS) প্রকল্প

২৯ কোটি ৭৭ লক্ষ টাকা ব্যয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS) শীর্ষক প্রকল্পটি গত ০৪/৭/২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ/পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

## Workshop on External Communication

গণমাধ্যমের সাথে নির্বাচনি কর্মকর্তাদের যোগাযোগকে স্বত:স্ফূর্ত করতে Workshop on External Communication শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে বাংলাদেশ নির্বাচন কমিশন, UN Women ও UNDP। নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে ২৫-২৬ সেপ্টেম্বর ২০১৮ এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় গণমাধ্যমে কথা বলার বিভিন্ন কৌশল, সংবাদ বিজ্ঞপ্তি লেখার কৌশল, ইন্টারভিউ দেয়ার পদ্ধতি, লাইভ টিভি শোতে কথা বলার পদ্ধতি ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা বিনিময় করেন দেশি-বিদেশী আলোচকবৃন্দ।

## বিভিন্ন নির্বাচন অনুষ্ঠিত

জুলাই-সেপ্টেম্বর ২০১৮ সময়ে জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ এবং ১০২ খুলনা-৪ শুন্য আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হয়। এছাড়া রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন, নারায়ণগঞ্জের আড়াইহাজার ও গোপালদী পৌরসভা এবং কক্সবাজার পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়।




জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ শূন্য আসনের নির্বাচন উপলক্ষ্যে মত বিনিময় সভায় মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম ও ইসি সচিব জনাব হেলালুদ্দীন আহমদ

## প্রশিক্ষণ




নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ইটিআই) এ কর্মকর্তাদের প্রশিক্ষণ দিচ্ছেন ইসির অতিরিক্ত সচিব জনাব মোঃ মোখলেসুর রহমান

নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (ইটিআই) নির্বাচন কমিশন সচিবালয়ের নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি এবং মান উন্নয়নে প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন নির্বাচনের ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ দিয়ে আসছে। জুলাই-সেপ্টেম্বর ২০১৮ সময়ে রাজশাহী, সিলেট ও বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন-২০১৮ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২৪ নং ওয়ার্ড এর নির্বাচন উপলক্ষ্যে ৩৫২২ জন প্রিজাইডিং ও সহকারী প্রিজাইডিং অফিসার এবং ৬১৩৫ জন পোলিং অফিসারদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বিভিন্ন নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ৬৫৭ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া সিলেট ও বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন-২০১৮ অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে পরিচালনা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিজ ভূমিকা সম্পর্কে সচেতন করার লক্ষ্যে রিটার্নিং অফিসার ও সহায়ক কর্মকর্তাদের মনোনয়নপত্র বাছাইসহ আইনি বিভিন্ন দিক নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## শোক সংবাদ

নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব হেলালুদ্দীন আহমদ এর পিতা বন বিভাগের সাবেক কর্মকর্তা জনাব মোখতার আহমদ ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর। তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী, ৩ ছেলে ও ৪ মেয়ে রেখে যান। ১৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মরহুমের প্রথম নামাজে জানাযা ঢাকায় অনুষ্ঠিত হয়। এরপর ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মরহুমকে কক্সবাজারে গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়। সেখানে দ্বিতীয় নামাজে জানাযা শেষে পারিবারিক কবরস্থানে তাঁকে দাফন করা হয়। জনাব মোখতার আহমদ এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ গভীর শোক প্রকাশ করে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে।



**প্রকাশনা ও সম্পাদনা:** এস এম আসাদুজ্জামান, যুগ্মসচিব (জনসংযোগ); ই-মেইল: asad.bec@gmail.com
**নির্বাচন ভবন:** প্লট ই, ১৪/জেড-এ, আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন : ৫৫০০৭৫২০, ফ্যাক্স: ৫৫০০৭৫৬৬, web: www.ecs.gov.bd